

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬২৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭৮. সালাত বৈধ হওয়ার জন্য যতটুকু কাপড় জরুরী

باب جِمَاع أَثْوَابِ مَا يُصلَّى فِيهِ

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا مُلَازِمُ بْنُ عَمْرِو الْحَنَفِيُّ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ بَدْرٍ، عَنْ قَيْسِ بْنِ طَلْقٍ، عَنْ أَبِيهِ، قَالَ قَدِمْنَا عَلَى نَبِيِّ اللهِ صلى الله عليه وسلم فَجَاءَ رَجُلُ فَقَالَ يَا نَبِيَّ اللهِ مَا تَرَى فِي الصَّلَاةِ فِي التَّوْبِ الْوَاحِدِ قَالَ فَأَطْلَقَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِزَارَهُ طَارَقَ بِهِ رِدَاءَهُ فَاشْتَمَلَ بِهِمَا ثُمَّ قَامَ فَصلَلَى بِنَا نَبِيُّ اللهِ صلى الله عليه وسلم فَلَمَّا أَنْ قَضَى الصَّلَاةَ قَالَ " أَوَكُلُّكُمْ يَجِدُ ثَوْبَيْنِ " .

صحيح

#### বাংলা

৬২৯। কায়িস ইবনু ত্বালক হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসলাম। এমতাবস্থায় জনৈক ব্যক্তি এসে বলল, হে আল্লাহর নবী! একটি কাপড়ে সালাত আদায়ের ব্যাপারে আপনার মতামত কি? বর্ণনাকারী বলেন, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ইযারের উপর চাদর ছেড়ে দিয়ে উভয়টিকে একত্র করে গায়ে জড়িয়ে নিয়ে উঠে দাঁড়ালেন। অতঃপর আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সালাত আদায় করালেন। সালাত শেষে তিনি বললেনঃ তোমাদের প্রত্যেকের দু'টি করে কাপড় আছে কি?[1]

সহীহ।

## **English**

Narrated Talq ibn Ali al-Hanafi:



We came to the Prophet (ﷺ), and a man came and said: Prophet of Allah, what do you say if one prays in a single garment? The Messenger of Allah (ﷺ) then took off his wrapper and combined it with his sheet, and put it on them. He got up and the Prophet of Allah (ﷺ) led us in prayer. When he finished the prayer, he said: Does every one of you have two garments?

## ফুটনোট

[1] আহমাদ (৪/২২) 'আব্দুল্লাহ ইবনু বাদর সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ কায়েস ইবনে তালক (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন